বুধবার, ১৪ কার্তিক ১৪২১
২৯ অক্টোবর ২০১৪
৪ মহররম ১৪৩৬ হিজরি
www.ittefaq.com.bd

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া



তৃতীয় শ্রেণি সরকারি কর্মচারী সমিতি গতকাল রাজধানীর রমনা পার্ক সংলগ্ন রাস্তায় মিছিল বের করে -ইত্তেফাক

# তৃতীয় শ্রেণি সরকারি কর্মচারী সমিতির স্মারকলিপি পেশ

## অষ্টম বেতন স্কেল বাস্তবায়ন দাবি

■ ইত্তেফাক রিপোর্ট

অষ্টম জাতীয় বেতন স্কেল সুপারিশ জুলাই-২০১৪ থেকে বাস্তবায়নের দাবি জানিয়েছে বাংলাদেশ তৃতীয় শ্রেণি সরকারি কর্মচারী সমিতি। এই দাবিতে গতকাল মঙ্গলবার প্রধানমন্ত্রীর দপ্তরে স্মারকলিপি প্রদান করা হয়েছে। দাবি বাস্তবায়নে কয়েক হাজার সরকারি কর্মচারী মিছিলসহ ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউটের সামনে পৌছলে পুলিশ মিছিলে বাধা দেয়। সেখানে সমিতির সভাপতি মোঃ মাহফুজুর রহমানের সভাপতিত্বে সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তারা বলেন, জুলাই-২০১৪ থেকে নতুন জাতীয় বেতন স্কেল প্রদান ও পূর্ণ বাস্তবায়ন করতে হবে। তারা বলেন, জীবন-যাপনের ব্যয় বৃদ্ধির সাথে সঙ্গতি রেখে কমপক্ষে ১৫ হাজার টাকা সর্বনিম্ন মাসিক মূল বেতন নির্ধারণ করতে হবে। পরে পুলিশ প্রহরায় একটি প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর কার্যালয়ে স্মারকলিপি পেশ করেন।

সমাবেশে বক্তব্য রাখেন তৃতীয় শ্রেণির সরকারি কর্মচারী সমিতির কার্যকরী সভাপতি রশিদ উল্লাহ ও মো. আবদুল কাদের, মহাসচিব লুৎফর রহমান, সহ-সভাপতি নাজমা আক্তার, অতিরিক্ত মহাসচিব আতাউর রহমান খান, যুগ্ম-সচিব সেলিম মোল্লা, তপন কুমার সাহা, রমিজউদ্দিন মাঝি প্রমুখ।

ঢাকা, ২৯ অক্টোবর ২০১৪, ১৪ কার্তিক ১৪২১, ৪ মহররম ১৪৩৬ বুধবার রেজি. নং ডিএ ১৮৮০, বর্ষ ১৬, সংখ্যা ৩৪৯, দাম ১০ টাকা

প্রথম আলো



চলতি বছরের জুলাই থেকে অষ্টম জাতীয় বেতন স্কেল বাস্তবায়নের দাবিতে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দিতে গতকাল তৃতীয় শ্রেণি সরকারি কর্মচারী সমিতির মিছিল ● বিজ্ঞপ্তি

# বেতন স্কেল বাস্তবায়ন দাবিতে প্রধানমন্ত্রীকে স্মারকলিপি

অষ্টম জাতীয় বেতন স্কেলের সুপারিশ চলতি বছরের জুলাই থেকে বাস্তবায়নের দাবিতে গতকাল মঙ্গলবার প্রধানমন্ত্রীকে স্মারকলিপি দিয়েছে বাংলাদেশ তৃতীয় শ্রেণি সরকারি কর্মচারী সমিতি।

সকালে রাজধানীর ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশের সামনে থেকে কর্মচারীরা মিছিল নিয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের দিকে রওনা দিয়ে কিছু দূর গেলে পুলিশ বাধা দেয়। সেখানে সংক্ষিপ্ত সমাবেশ করে পুলিশি পাহারায় একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর কার্যালয়ে গিয়ে স্মারকলিপি দিয়ে আসে।

এর আগে সমিতির সভাপতি মো. মাহফুজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য দেন সমিতির নেতা রশিদ উল্লাহ, সেলিম মোল্লা, আবদুল কাদের, লুৎফর রহমান, নাজমা আক্তার, আতাউর রহমান, আতাউর রহমান খান প্রমুখ। তাঁরা সর্বনিম্ন মাসিক বেতন ১৫ হাজার টাকা নির্ধারণ, মূল বেতনের ৭৫ শতাংশ বাড়িভাড়া, আড়াই হাজার টাকা চিকিৎসা ভাতা, এক হাজার ১০০ টাকা যাতায়াত ভাতা দেওয়াসহ বিভিন্ন দাবি জানান। বিজ্ঞপ্তি।

যুগান্তর
বুধবার ঢাকা ২৯ অক্টোবর ২০১৪
১৪ কার্তিক ১৪২১
www.jugantor.com




বিভিন্ন দাবিতে মঙ্গলবার রাজধানীতে তৃতীয় শ্রেণীর সরকারি কর্মচারী সমিতি বিক্ষোভ মিছিল নিয়ে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি দেয় যুগান্তর

# জুলাই থেকে নতুন বেতন স্কেল কার্যকরের দাবি

যুগান্তর রিপোর্ট

চলতি বছরের জুলাই থেকে নতুন বেতন স্কেল কার্যকর চায় বাংলাদেশ তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতি। এ দাবিতে মঙ্গলবার সমিতির একটি প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর কার্যালয়ে স্মারকলিপি দেয়। স্মারকলিপি দেয়ার উদ্দেশে মিছিল নিয়ে যেতে চাইলে শিখা চিরন্তন গেটের সামনে পুলিশ বাধা দেয়। সেখান থেকে পুলিশের গাড়িতে প্রতিনিধি দলকে প্রধানমন্ত্রীর কার্যালয়ে নিয়ে যাওয়া হয়। এর আগে পূর্ব ঘোষিত কর্মসূচি অনুযায়ী কর্মচারীরা রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশনের সামনে সমবেত হন।

সমিতির সভাপতি মো. মাহফুজুর রহমানের সভাপতিত্বে সংক্ষিপ্ত সমাবেশ হয়। এতে বক্তব্য দেন— কার্যকরী সভাপতি রশীদ উল্লাহ, মো. আবদুল কাদের, সহ-সভাপতি নাজমা আক্তার, মহাসচিব লুৎফর রহমান, অতিরিক্ত মহাসচিব আতাউর রহমান খান, যুগ্ম মহাসচিব সেলিম মোল্লা, রমিজ উদ্দিন মাঝি, মো. ফরিদুর রহমান ও হেমায়েত হোসেন হিমু প্রমুখ। পূর্ব ঘোষিত কর্মসূচির মধ্যে রয়েছে— আজ থেকে ২০ নভেম্বর পর্যন্ত বিভিন্ন বিভাগ ও জেলা শহরে মিছিল, সমাবেশ এবং ২২ নভেম্বর ঢাকায় মানববন্ধন। ৩০ নভেম্বরের মধ্যে দাবি মানা না হলে ৬ ডিসেম্বর ঢাকায় কর্মচারী মহাসমাবেশ করারও ঘোষণা দেয়া হয়। এ বছর জুলাই থেকে নতুন বেতন স্কেল বাস্তবায়নসহ ৬ দফা দাবিতে সমিতি ২৭ সেপ্টেম্বর আন্দোলন কর্মসূচি ঘোষণা করে।

দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB
ঢাকা বুধবার, ১৪ কার্তিক ১৪২১, ২৯ অক্টোবর ২০১৪

# চলতি বছরের জুলাই মাস থেকে নতুন বেতন স্কেল বাস্তবায়ন দাবি

স্টাফ রিপোর্টার ঃ চলতি বছরের জুলাই মাস হতে নতুন বেতন স্কেল বাস্তবায়নের দাবি জানিয়েছে বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। এই দাবিতে গতকাল মঙ্গলবার সমিতির পক্ষ থেকে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ করা হয়েছে। সকালে রাজধানীর ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স (আইইবি) সড়কের সামনে ঢাকা মহানগরীর বিভিন্ন দফতর ও প্রতিষ্ঠান থেকে আগত কয়েক হাজার কর্মচারী সমবেত হয়ে প্রধানমন্ত্রীকে স্মারকলিপি দেয়ার উদ্দেশ্যে মিছিল সহকারে প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে যাত্রা করে।

মিছিলটি শিখা চিরন্তনের কাছে পৌঁছলে পুলিশ মিছিলে বাধা দেয়। সমিতির সভাপতি মো. মাহফুজুর রহমানের সভাপতিত্বে সেখানে এক সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন রশিদ উল্লাহ, মো. আবদুল কাদের, লুৎফর রহমান, নাজমা আক্তার, মান্নান হাজারভী, ইব্রাহিম খলিল, শামছুস জামান ও মো. রায়হান উদ্দিন প্রমুখ।

বক্তারা ১৯৭৩ সালে বঙ্গবন্ধু সরকার প্রদত্ত বেতন স্কেল অনুসরণে ৩য় শ্রেণীর কর্মচারীদের বিদ্যমান ৬টি গ্রেডের পরিবর্তে ৩টি এবং ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ৪টি গ্রেডের পরিবর্তে ২টিসহ মোট ১২টি স্কেলে বেতন নির্ধারণ ও তা বাস্তবায়নের দাবি জানান। জীবনযাত্রার ব্যয় বৃদ্ধির সঙ্গে সঙ্গতি রেখে সর্বনিম্ন মাসিক মূল বেতন ১৫ হাজার টাকা নির্ধারণসহ মূল বেতনের ৭৫% বাড়ি ভাড়া, ২৫০০ টাকা চিকিৎসা ভাতা, ১১০০ টাকা যাতায়াত ভাতা, প্রতিমাসে ১১০০ টাকা টিফিন প্রদানের দাবি জানান। একই সঙ্গে সন্তানদের শিক্ষাভাতা বৃদ্ধি এবং গ্যাস, বিদ্যুৎ ও পানির বিল ভাতা হিসেবে প্রদানেরও দাবি জানান। সমাবেশ শেষে একটি প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর কার্যালয়ে উপস্থিত হয়ে স্মারকলিপি প্রদান করেন।




সরকারি কর্মচারীদের নতুন জাতীয় বেতন স্কেলের পূর্ণাঙ্গ বাস্তবায়ন ও পদমর্যাদা বৈষম্য নিরসনের দাবিতে গতকাল রাজধানীতে বিক্ষোভ –ইনকিলাব

অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস

# সমকাল

দ্বিতীয় সংস্করণ www.samakal.net

◉ সিনেটের নিয়ন্ত্রণ হারাতে পারে ডেমোক্র্যাটরা : পৃষ্ঠা-১২ ◉ আইসিবির ৮ মিউচুয়াল ফান্ডের ভাগ্য নির্ধারণ আজ : পৃষ্ঠা-১৪

১৪ কার্তিক ১৪২১, ৪ মহররম ১৪৩৬, রেজি. নং ডিএ ৪০৬৪, বর্ষ ১০ সংখ্যা ২১৪ | ট্যাবলয়েডসহ ৩৬ পৃষ্ঠা ১০ টাকা

নতুন বেতন স্কেল দাবি

## প্রধানমন্ত্রীকে কর্মচারী সমিতির স্মারকলিপি

■ সমকাল প্রতিবেদক

নতুন বেতন স্কেল বাস্তবায়নের দাবিতে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি দিয়েছে তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। মঙ্গলবার সংগঠনের একটি প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর কার্যালয়ে উপস্থিত হয়ে এ স্মারকলিপি দেয়। এর আগে সকালে বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে কর্মরত সহস্রাধিক কর্মচারী রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনের সামনে জড়ো হন। দাবি আদায়ে বিভিন্ন স্লোগান দিয়ে মিছিল সহকারে প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে যাত্রা করেন তারা। মিছিলটি সোহরাওয়ার্দী উদ্যানের শিখা চিরন্তন সংলগ্ন এলাকায় পৌঁছলে পুলিশের বাধার মুখে পড়ে। পরে সেখানে এক সংক্ষিপ্ত সমাবেশ করেন কর্মচারীরা।

সমাবেশে বক্তারা চলতি বছরের জুলাই থেকে নতুন জাতীয় বেতন স্কেল প্রদান ও পূর্ণ বাস্তবায়নের দাবি জানান। তারা সচিবালয়, হাইকোর্ট, ডিপ্লোমা প্রকৌশলীদের মতো অন্যান্য সরকারি প্রতিষ্ঠানে কর্মরতদের একই পদমর্যাদা ও বেতন কাঠামোর দাবি জানান।

সংগঠনের সভাপতি মাহফুজুর রহমানের সভাপতিত্বে সমাবেশে বক্তৃতা করেন রশিদ উল্লাহ, আবদুল কাদের, লুৎফর রহমান, নাজমা আক্তার, ইব্রাহিম খলিল, নুরুন্নবী, নজরুল ইসলাম, আতাউর রহমান, সেলিম মোল্লা প্রমুখ।

সমাবেশ শেষে পুলিশ পাহারায় একটি প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর কার্যালয়ে উপস্থিত হয়ে দাবি সংবলিত স্মারকলিপি প্রদান করে।




নতুন বেতন স্কেল বাস্তবায়নের দাবিতে মঙ্গলবার রাজধানীতে তৃতীয় শ্রেণীর সরকারি কর্মচারী সমিতির মিছিল ▪ সমকাল

নয়া দিগন্ত
বুধবার
ঢাকা, ১৪ কার্তিক ১৪২১
৪ মহররম ১৪৩৬
২৯ অক্টোবর ২০১৪
www.dailynayadiganta.com




জুলাই থেকে নতুন বেতন স্কেল বাস্তবায়নের দাবিতে বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতিগতকাল প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি দেয়

### তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি

# নতুন বেতন স্কেল বাস্তবায়নের দাবিতে প্রধানমন্ত্রীকে স্মারকলিপি

অষ্টম জাতীয় বেতন স্কেল সুপারিশ জুলাই ২০১৪ থেকে বাস্তবায়নের দাবিতে প্রধানমন্ত্রীকে স্মারকলিপি প্রদান করেছে বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি সমিতি। গতকাল ঢাকাস্থ ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ সম্মুখ সড়কে ঢাকা মহানগরীর বিভিন্ন দফতর প্রতিষ্ঠানের কর্মচারীরা সমবেত হয়ে প্রধানমন্ত্রী সমীপে স্মারকলিপি প্রদানের উদ্দেশে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অভিমুখে রওনা হলে শিখা চিরন্তরের গেটে পুলিশ বাধা দেয়। সেখানে সমিতির সভাপতি মো: মাহফুজুর রহমানের সভাপতিত্বে এক সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তারা বলেন, জুলাই ২০১৪ থেকে নতুন জাতীয় বেতন স্কেল প্রদান ও পূর্ণ বাস্তবায়ন করতে হবে। ১৯৭৩ সালে বঙ্গবন্ধু সরকার প্রদত্ত বেতন স্কেল অনুসরণে তৃতীয় শ্রেণীর কর্মচারীদের বিদ্যমান ছয়টি গ্রেডের পরিবর্তে তিনটি এবং চতুর্থ শ্রেণী কর্মচারীদের চারটি গ্রেডের পরিবর্তে দু'টি মোট ১২টি গ্রেডে বেতন স্কেল নির্ধারণ ও বাস্তবায়ন করতে হবে। জীবনযাপনের ব্যয় বৃদ্ধির সাথে সঙ্গতি রেখে ১৫ হাজার টাকা সর্বনিম্ন মাসিক মূল বেতন নির্ধারণ ও মূল বেতনের ৭৫% বাড়ি ভাড়া, ২৫০০ টাকা চিকিৎসা ভাতা, ১১০০ টাকা যাতায়াত ভাতা, প্রতিদিন ৫০ টাকা হারে প্রতি মাসে ১১০০ টাকা টিফিন ভাতা, সন্তান শিক্ষা ভাতা বৃদ্ধি, গ্যাস বিদ্যুৎ পানির বিল ভাতা হিসাবে প্রদান। ১০০% পেনশন, ১:৪০০ হারে গ্রাচ্যুইটি, চাকরির বয়সসীমা ৬০ বছর, ২০ বছরের ঐচ্ছিক অবসর, ১২ মাসের পরিবর্তে সমুদয় পাওনা ছুটির বেতন প্রদান করতে হবে। কর্মকর্তাদের মতো তৃতীয় ও চতুর্থ শ্রেণীর সব কর্মচারীদের প্রতি পদে চার বছর অন্তর দুই গ্রেড উপরে সিলেকশন গ্রেড প্রদান করে সৃষ্ট বেতন বৈষম্য নিরসন করতে হবে। বাংলাদেশ সচিবালয়, হাইকোর্টের কর্মচারী ও ডিপ্লোমা প্রকৌশলীদের মতো অন্যান্য দফতর প্রতিষ্ঠানে কর্মরত অনুরূপ সমমানের ও সমপদের কর্মচারীদের পদবি যথাক্রমে ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্বপদে দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদা ও বেতন স্কেল প্রদান করার দাবি জানান।

সমাবেশ শেষে পুলিশ পাহারায় একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর কার্যালয়ে উপস্থিত হয়ে স্মারকলিপি প্রদান করেন। সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য প্রদান করেন কার্যকরী সভাপতি রশিদ উল্লাহ, মো: আবদুল কাদের, মহাসচিব লুৎফর রহমান, সহসভাপতি নাজমা আক্তার, মান্নান হাজারভী, ইব্রাহিম খলিল, সামছুস জামান, জাকির হোসেন মল্লিক, অতিরিক্ত মহাসচিব আতাউর রহমান খান, নজরুল ইসলাম, যুগ্ম মহাসচিব সেলিম মোল্লা, তাপস কুমার সাহা, রমিজ উদ্দিন মাঝি, মো: ফরিদুর রহমান, মফিজুল হক, অর্থ সচিব মো: হারেছ, সহকারী মহাসচিব মারজাহান আক্তার নিপা, শফিকুল ইসলাম, মফিজুল ইসলাম পিন্টু, সাংগঠনিক সচিব রফিকুল ইসলাম মামুন, ঢাকা মহানগর কমিটির কার্যকরী সভাপতি হারুন-অর-রশীদ, সহসভাপতি খতিবুর রহমান প্রমুখ। বিজ্ঞপ্তি।

পরিবর্তনের প্রত্যাশায় প্রতিদিন
দৈনিক
# আমার কাগজ
The Daily Amar Kagoj






বিভিন্ন দাবিতে গতকাল রাজধানীতে বাংলাদেশ তৃতীয় শ্রেণি সরকারি কর্মচারি সমিতি বিক্ষোভ মিছিল বের করে -আমার কাগজ

পরিবর্তনের প্রত্যাশায় প্রতিদিন
দৈনিক
আমার কাগজ
The Daily Amar Kagoj






বিভিন্ন দাবিতে গতকাল রাজধানীতে বাংলাদেশ তৃতীয় শ্রেণি সরকারি কর্মচারি সমিতি বিক্ষোভ মিছিল বের করে -আমার কাগজ

মোঃ তৌহিদ উদ্দিন আহম্মদ
নির্বাহী প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
ঢাকা জোন, ঢাকা।

মোঃ [illegible] কাদের
শিক্ষা [illegible]
ঢাকা জো[illegible]

সত্য প্রকাশে আপসহীন

THE DAILY BHORER DAK

# ভোরের ডাক



বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি গতকাল একটি মিছিল নিয়ে জুলাই ২০১৪ থেকে নতুন বেতন স্কেল বাস্তবায়নসহ অন্যান্য দাবিতে প্রধানমন্ত্রীর বরাবর স্মারকলিপি পেশের উদ্দেশ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের দিকে যাচ্ছে

সৌজন্য সংখ্যা
বিক্রয়ের জন্য নহে


# আলোকিত বাংলাদেশ

The Daily Alokito Bangladesh

দ্বিতীয় সংস্করণ





রাজধানীর শাহবাগে মঙ্গলবার বিভিন্ন দাবিতে তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতির বিক্ষোভ ● আলোকিত বাংলাদেশ

সব পাঠকের পূর্ণাঙ্গ দৈনিক

# অর্থনীতি প্রতিদিন

ঢাকা ■ বুধবার ■ ২৯ অক্টোবর ২০১৪ ■ ১৪ কার্তিক ১৪২১ ■ ৪ মহররম ১৪৩৬




বেতন বৈষম্যের প্রতিবাদে বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি গতকাল রাজধানীর শাহবাগে বিক্ষোভ মিছিল করে
-অর্থনীতি প্রতিদিন

দৈনিক
# স্বাধীন সংবাদ
ঝুঁকি প্রতিদিন
www.Swadhinsangbad.com
The Daily Swadhin Sangbad
১৪ কার্তিক ১৪২১ বাংলা ॥ ০৩ মহরম ১৪৩৫ ॥ ২৯ অক্টোবর ২০১৪ ইং ॥ বুধবার




বিভিন্ন দাবিতে মঙ্গলবার রাজধানীতে বাংলাদেশ তৃতীয় শ্রেনী সরকারি কর্মচারী সমিতির বিক্ষোভ মিছিল বের করে।


দৈনিক
# একুশে সংবাদ
একুশ শতকের বাংলা কাগজ
The Daily Ekushey Sangbad www.ekusheysangbadbd.com

শেষের পাতা ঢাকা বুধবার ॥ ২৯ অক্টোবর ২০১৪ ইং ॥ ১৪ কার্তিক ১৪২১ বাংলা




বিভিন্ন দাবিতে মঙ্গলবার রাজধানীতে বাংলাদেশ তৃতীয় শ্রেনী সরকারি কর্মচারী সমিতির বিক্ষোভ মিছিল বের করে

দৈনিক
# প্রভাত
বস্তুনিষ্ঠ সংবাদ প্রচারই আমাদের অঙ্গীকার
ঢাকা : বুধবার ২৯ অক্টোবর ২০১৪ : ১৪ আশ্বিন ১৪২১ বাংলা : ০৪ মহররম ১৪৩৬ হিজরী



গতকাল আই ই বি ভবনের সামনে বাংলাদেশ তৃতীয় শ্রেণীর সরকারী কর্মচারী সমিতি বিভিন্ন দাবিতে মানববন্ধন শেষে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদানের লক্ষ্যে মিছিল বের করে

মুক্ত প্রাণের প্রতিধ্বনি

ভোরের কাগজ

বর্ষ ২৩ সংখ্যা ২৪৮ ■ ঢাকা ■ বুধবার ■ ১৪ কার্তিক ১৪২১ ■ ৪ মহরম ১৪৩৬ ■ ২৯ অক্টোবর ২০১৪ www.bhorerkagoj.net




সরকারি কর্মচারীদের বেতন স্কেলের পূর্ণাঙ্গ বাস্তবায়ন ও অন্যান্য দাবিতে প্রধানমন্ত্রীকে স্মারকলিপি প্রদান করতে গতকাল রাজধানীর শাহবাগে মিলিত হয় তৃতীয় শ্রেণীর কর্মচারী সমিতি


-ভোরের কাগজ

# তৃতীয় শ্রেণীর সরকারি কর্মচারীদের সমাবেশ স্মারকলিপি প্রদান

কাগজ প্রতিবেদক : রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনের সামনে গতকাল মঙ্গলবার ৬ দফা দাবি বাস্তবায়নের দাবিতে তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতির এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশ শেষে সংগঠনের পক্ষ থেকে প্রধানমন্ত্রীর কার্যালয়ে একটি স্মারকলিপি প্রদান করা হয়।

সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তৃতীয় শ্রেণীর কর্মচারী সমিতির সভাপতি মাহফুজুর রহমান বলেন, জুলাই ২০১৪-এর জাতীয় বেতন স্কেল প্রদান, জীবনযাপনের ব্যয় বৃদ্ধির সঙ্গে সঙ্গতি রেখে তৃতীয় শ্রেণীর সরকারি কর্মচারীদের জন্য ১৫ হাজার টাকা সর্ব নিম্ন মূল বেতন নির্ধারণ, সচিবালয়ের স্টেনোগ্রাফার, বাজেট সহকারী, উচ্চমান সহকারী ও হাইকোর্টের প্রধান সহকারী উচ্চমান সহকারীদের মতো সচিবালয় বহির্ভূত অন্যান্য কর্মচারীদের দ্বিতীয় শ্রেণীর মর্যাদা ও বেতন স্কেল এবং ডিপ্লোমা প্রকৌশলী ও ডিপ্লোমা নার্সদের মতো সম শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন ডিপ্লোমা কৃষিবিদ, ডিপ্লোমা হেলথ টেকনোলজিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ডিপ্লোমা প্রকৌশলী পদে পদোন্নতিপ্রাপ্ত ও সমপদের অন্যদের দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদা ও বেতন স্কেল প্রদানের এই ৬ দফা দাবি সরকারকে মানতে হবে।

দৈনিক লাল সবুজের দেশ
সত্যের পথে জনতার সাথে
The Daily Lal Sabujer Desh
Web : www.dailylalsabujerdesh.com, E-mail : lalsabujerdeshbd@gmail.com
ঢাকা বুধবার
২৯ অক্টোবর ২০১৪ইং




# জুলাই থেকে নতুন বেতন স্কেল বাস্তবায়নের দাবিতে প্রধানমন্ত্রীকে স্মারকরিপি

নতুন জাতীয় বেতন স্কেল জুলাই '১৪ থেকে বাস্তবায়নের দাবিতে প্রধানমন্ত্রীকে স্মারকরিপি প্রদান করেছে বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি।

মঙ্গলবার সমিতির একটি প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর কার্যালয়ে গিয়ে এ স্মারকলিপি প্রদান করে। এর আগে পূর্ব ঘোষিত কর্মসূচি অনুযায়ী সকালে কর্মচারীরা রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউটের সামনে সমবেত হন। এখানে সমিতির সভাপতি মোঃ মাহফুজুর রহমানের সভাপতিত্বে সংক্ষিপ্ত সমাবেশ হয়। সমাবেশে বক্তব্য রাখেন কার্যকরী সভাপতি রশীদ উল্লাহ, মোঃ আবদুল কাদের, মহাসচিব লুৎফর রহমান, সহ-সভাপতি নাজমা আক্তার, মান্নান হাজারভী, ইব্রাহিম খলিল, সামছুস জামান, মোঃ রায়হান উদ্দীন প্রমুখ। পরে স্মারকলিপি প্রদানের উদ্দেশ্যে মিছিল নিয়ে যেতে চাইলে শিখা চিরন্তন গেইটের সামনে পুলিশ বাধা দেয়। সেখান থেকে পুলিশের গাড়িতে একটি প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর কার্যালয়ে নিয়ে যাওয়া হয়।

**ঘোষিত কর্মসূচির মধ্যে রয়েছে আগামীকাল ২৯ অক্টোবর থেকে**

প্রসঙ্গত, জুলাই '১৪ থেকে নতুন বেতন স্কেল বাস্তবায়নসহ ৬ দফা দাবিতে সমিতির নেতৃবৃন্দ গত ২৭ সেপ্টেম্বর আন্দোলন কর্মসূচি ঘোষণা করে। ঘোষিত কর্মসূচির মধ্যে রয়েছে আগামীকাল ২৯ অক্টোবর থেকে ২০ নভেম্বর পর্যন্ত বিভিন্ন বিভাগ ও জেলা শহরে মিটিং-সমাবেশ, ২২ নভেম্বর ঢাকায় মানববন্ধন এবং ৩০ নভেম্বরের মধ্যে দাবি মানা না হলে আগামী ৬ ডিসেম্বর ঢাকায় কর্মচারী মহাসমাবেশ। সংবাদ বিজ্ঞপ্তি

আমাদের সময়
www.dainikamadershomoy.com
১২ বুধবার ২৯ অক্টোবর ২০১৪ ॥ ১৪ কার্তিক ১৪২১ ॥ ৪ মহরম ১৪৩৬
বর্ষ ১০ সংখ্যা ১৯৭

ওবামা

আন্তর্জাতিক ডেস্ক ● মার্কিন প্রেসিডেন্ট বারাক
৫৩ শতাংশ মার্কিনি।
মতে, তার নেতৃত্বে দেশ
না। সম্প্রতি মার্কিন সংব
একটি জরিপের এমন
প্রেসিডেন্টের জন্য সতর্ক
রাজনৈতিক বিশ্লেষকরা

আমাদের সময় বুধবার ২৯ অক্টোবর ২০১৪ ■ ১৪ কার্তিক ১৪২১



আইইবি ভবনের সামনে বাংলাদেশ তৃতীয় শ্রেণির সরকারি কর্মচারী সমিতি বিভিন্ন দাবিতে মানববন্ধন শেষে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদানের লক্ষ্যে মিছিল বের করে
● নজরুল মাসুদ

১২
# সকালের খবর
www.shokalerkhobor24.com
ঢাকা : বুধবার ২৯ অক্টোবর ২০১৪



অষ্টম জাতীয় বেতন স্কেল বাস্তবায়নের দাবিতে গতকাল মিছিল নিয়ে প্রধানমন্ত্রীকে স্মারকলিপি দিয়েছে বাংলাদেশ তৃতীয় শ্রেণি সরকারি কর্মচারী সমিতি
—সকালের খবর

### নতুন বেতন স্কেল বাস্তবায়নের দাবি

## প্রধানমন্ত্রীকে তৃতীয় শ্রেণির কর্মচারীদের স্মারকলিপি

নিজস্ব প্রতিবেদক ■

চলতি বছরের জুলাই থেকে অষ্টম জাতীয় বেতন স্কেল বাস্তবায়ন এবং বিভিন্ন সুযোগ-সুবিধা নিশ্চিত করার দাবি জানিয়েছে বাংলাদেশ তৃতীয় শ্রেণি সরকারি কর্মচারী সমিতি। গতকাল প্রধানমন্ত্রীকে স্মারকলিপি দিয়েছে সংগঠনটি। এর আগে একই দাবিতে তারা সমাবেশ করেছে। সমাবেশ থেকে তাদের দীর্ঘদিনের দাবি পূরণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হস্তক্ষেপ কামনা করা হয়।

পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী সকাল থেকেই বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের কর্মচারীরা জড়ো হন রাজধানীর ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশের (আইইবি) সামনে। সেখান থেকে মিছিল নিয়ে স্মারকলিপি দেওয়ার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের উদ্দেশে রওনা দেন তারা। মিছিলটি কিছুদূর যাওয়ার পর পুলিশ বাধা দেয়। এ সময় শিখা চিরন্তনের ফটকের সামনে সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি মো. মাহফুজুর রহমান, কার্যকর সভাপতি রশিদ উল্লাহ, মো. আবদুল কাদের, মহাসচিব লুৎফর রহমান, যুগ্ম মহাসচিব সেলিম মোল্লা প্রমুখ। সমাবেশ শেষে কর্মচারীদের একটি প্রতিনিধি দল পুলিশের সহায়তায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে গিয়ে তাদের এসব দাবি-দাওয়া সংবলিত স্মারকলিপি জমা দেন।

বক্তারা বলেন, ১৯৭৩ সালে বঙ্গবন্ধু সরকার প্রদত্ত বেতন স্কেল অনুযায়ী তৃতীয় শ্রেণির কর্মচারীদের বিদ্যমান ছয়টি গ্রেডের পরিবর্তে তিনটি এবং চতুর্থ শ্রেণির কর্মচারীদের চারটি গ্রেডের পরিবর্তে দুটিসহ মোট ১২টি গ্রেডে বেতন স্কেল নির্ধারণ ও বাস্তবায়ন করতে হবে। এছাড়া সর্বনিম্ন মাসিক মূল বেতন ১৫ হাজার টাকা এবং মূল বেতনের ৭৫ শতাংশ বাড়ি ভাড়া, ২৫০০ টাকা চিকিৎসা ভাতা, ১১০০ টাকা যাতায়াত ভাতা, প্রতিদিন ৫০ টাকা হারে মাসিক টিফিন ভাতা ১১০০ টাকা দেওয়াসহ সন্তানদের শিক্ষা ভাতা বাড়ানোরও দাবি জানানো হয়। সেই সঙ্গে গ্যাস-বিদ্যুৎ-পানির বিল ভাতা হিসেবে দেওয়ার দাবি জানান তারা।

নেতারা আরও বলেন, ১০০ ভাগ পেনশন, ১:৪০০ হারে গ্র্যাচুইটি, চাকরির বয়সসীমা ৬০ বছর, ২০ বছরের ঐচ্ছিক অবসর এবং ১২ মাসের পরিবর্তে সমুদয় পাওনা ছুটির বেতন দিতে হবে। একই সঙ্গে সচিবালয়, হাইকোর্ট ও সমমানের অন্যান্য প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীদের পদবি যথাক্রমে ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা এবং প্রযোজ্য ক্ষেত্রে দ্বিতীয় শ্রেণির পদমর্যাদা ও বেতন স্কেল দেওয়ারও দাবি জানান তারা।

সব পাঠকের পূর্ণাঙ্গ দৈনিক

# অর্থনীতি প্রতিদিন

ঢাকা ■ বুধবার ■ ২৯ অক্টোবর ২০১৪ ■ ১৪ কার্তিক ১৪২১ ■ ৪ মহররম ১৪৩৬



বেতন বৈষম্যের প্রতিবাদে বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি গতকাল রাজধানীর শাহবাগে বিক্ষোভ মিছিল করে
-অর্থনীতি প্রতিদিন

ন মানিক মিয়া

ক

রকারি
তির
পেশ
য়বায়ন দাবি

স্কেল সুপারিশ
বায়নের দাবি
তৃতীয় শ্রেণি
। এই দাবিতে
নমন্ত্রীর দপ্তরে
হয়েছে। দাবি
জার সরকারি
ইঞ্জিনিয়ারিং
পৌঁছলে পুলিশ
খানে সমিতির
জুর রহমানের
নুষ্ঠিত হয়।
বলেন, জুলাই-
তীয় বেতন স্কেল
ন করতে হবে।
পনের ব্যয় বৃদ্ধির
পক্ষে ১৫ হাজার
ল বেতন নির্ধারণ
শ প্রহরায় একটি
মন্ত্রীর কার্যালয়ে
ন।
রাখেন তৃতীয়
র্মচারী সমিতির
শদ উল্লাহ ও মো.
মহাসচিব লুৎফর
৬ নাজমা আক্তার,
আতাউর রহমান
লিম মোল্লা, তপন
দ্দিন মাঝি প্রমুখ।